সংবাদ

তারিখ 31 JUL 2005
পৃষ্ঠা ৭ কলাম ৫

# শেকৃবির মাস্টার্স শিক্ষার্থীদের ক্লাস বর্জন কর্মসূচি

শেকৃবি সংবাদদাতা

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে কৃষি অনুষদের ৮টি বিভাগের মাস্টার্সের ছাত্রছাত্রীরা গতকাল থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন কর্মসূচি দিয়েছে। বিভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে এ কর্মসূচি দেয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। এমএস ডিগ্রির ছাত্রছাত্রীরা গতকাল সকাল ১১টায় ৮ দফা দাবিসংবলিত একটি স্মারকলিপি উপাচার্য প্রফেসর ড. এ এম ফারুকের কাছে পেশ করেন বলে জানা যায়।

উদ্যানতত্ত্ব, কৃষিতত্ত্ব, মৃত্তিকাবিজ্ঞান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন, উদ্ভিদ রোগতত্ত্ব, কীটতত্ত্ব, কৃষি সম্প্রসারণ ও প্রাণরসায়ন বিভাগের মাস্টার্সের ছাত্রছাত্রীরা জানায়, দেশের অন্য কৃষি বিশ্ববিদ্যালয়ের চেয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে এমএস পর্বে ভর্তি ফি বেশি এবং অন্যান্য সুযোগ-সুবিধাও কম। এ বৈষম্য দূরীকরণের জন্য তারা এ কর্মসূচি দিয়েছে। তারা আরো জানায়, দাবি মেনে না নেয়া হলে বৃহৎ আন্দোলনের ডাক দেবে। ৮ দফা দাবির মধ্যে উল্লেখযোগ্য হলো অকৃতকার্য ছাত্রছাত্রীদের পুনঃভর্তিকরণ, পাস গ্রেডিং জিপিএ-২, ভর্তি ফি ও সেমিস্টার ফি কমানো, উপবৃত্তি প্রদান, আধুনিক ল্যাব ও ক্লাসরুম বর্ধিতকরণ, প্রতি বিভাগে সেমিনার আয়োজনকরণ এবং স্বতন্ত্র হল নির্মাণ ইত্যাদি।